

# যুগান্তর

## মধ্যম আয়ের দেশে পৌঁছাতে কারিগরি শিক্ষায় বিপ্লবের বিকল্প নেই

প্রকাশ : ২৮ অক্টোবর ২০১৮, ২২:৫০ | অনলাইন সংস্করণ

👤 যুগান্তর রিপোর্ট



ছবি: সংগৃহীত

রাজধানীর কৃষিবিদ ইন্সটিটিউটে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তারা বলেছেন, ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পৌঁছাতে কারিগরি শিক্ষায় বিপ্লবের বিকল্প নেই। পাশাপাশি কারিগরি শিক্ষায় শিক্ষিত গ্রাজুয়েটদের কর্মসংস্থানে দেশীয় শিল্প বিস্তারেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। সে লক্ষ্যে দেশীয় শিল্পকে ব্যাংক ঋণ সুবিধা, আমদানি-রফতানিতে লোভনীয় কর অবকাশ, বিনিয়োগ পরিবেশসহ সবধরনের সুবিধা দিতে হবে।

কেননা, কারিগরি শিক্ষা শিক্ষার্থীদের আকৃষ্ট করার সঙ্গে দেশীয় শিল্প বিস্তার ও তথ্যপ্রযুক্তিতে জড়িত।

ন্যাশনাল ইন্সটিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির (এনআইইটি) নবীন শিক্ষার্থী বরণ এবং পুরানোদের সংবর্ধনা উপলক্ষে ওই অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রতিষ্ঠানটির অষ্টম সেমিস্টারের শিক্ষার্থীদের সফল ইন্টার্নশিপের জন্য অনুষ্ঠানে দেশের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা চুক্তিও স্বাক্ষরিত হয়।

এনআইইটির চেয়ারম্যান প্রকৌশলী মো. আব্দুল আলিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় সাধারণ সম্পাদক আলহাজ্ব নজরুল ইসলাম বাবু এমপি।

বিশেষ অতিথির বক্তৃতা করেন কারিগরি শিক্ষাবোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান। অনুষ্ঠানে অন্যদের মধ্যে ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির অধ্যাপক আবু রায়হান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কাউন্সিলর শেখ মুজিবুর রহমান, কারিগরি শিক্ষা বোর্ডের উপপরিদর্শক বিজয় কুমার ঘোষ, বাংলাদেশ প্রাইভেট পলিটেকনিক ওনার্স এসেসিয়েশনের সাধারণ সম্পাদক শামীম মাহবুব বক্তৃতা করেন।

এনআইইটির সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষরকারী শিল্পোদ্যোক্তাদের মধ্যে ওয়েস্টার্ন মেরিন শীপ ইয়ার্ডের ব্যবস্থাপনা পরিচালক শাখাওয়াত হোসেন, মিথিলা গ্রুপের চেয়ারম্যান মো. আজহার খান, হাজী আক্তার টেক্সটাইল অ্যান্ড প্রসেসিং মিলসের ব্যবস্থাপনা পরিচালক হাজী মোহাম্মদ সেলিম ভূঁইয়া, জিইও স্টিল (বিডি) লিমিটেডের চেয়ারম্যান ইঞ্জি. মো. জিয়াউর রহমান, হ্যাভেন টেক্সটাইল মিলসের ব্যবস্থাপনা পরিচালক মো. মাহবুব আলম, নিউ স্মার্ট ডায়িং অ্যান্ড প্রিন্টিং মিলসের চেয়ারম্যান লায়ন মীর আব্দুল আলিম, বাংলা ক্যাটের জনসম্পদ বিভাগের প্রধান একেএম মনির হোসেন ও সেবা বিভাগের প্রধান রফিকুল হাছান প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন এনআইইটি প্রতিষ্ঠাতা ও পরিচালক ইঞ্জিনিয়ার আব্দুল আজিজ।

অনুষ্ঠানে ২০১৮ শিক্ষাবর্ষের ১১০০ নবীন শিক্ষার্থীকে বরণ, পাসকৃত ৭৮৮ জন মেধাবী শিক্ষার্থীকে সংবর্ধনা ও বিদায় জানানো হয়। বিভিন্ন সালে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের থেকে পাসকৃত ২০ জন কৃতি শিক্ষার্থীকে বিশেষসম্মাননা পদক প্রদান করা হয়।

অনুষ্ঠানে এনআইইটির শিক্ষার্থীদের শিক্ষাসফর, শিল্পপ্রতিষ্ঠান পরিদর্শন ও শিক্ষার্থীদের ইন্টার্ন ও চাকরির সুব্যবস্থার জন্য ১৫টি প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালকদের সঙ্গে এনআইইটি কর্তৃপক্ষের সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।